## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



## ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 5 JULY 2026 ,SUNDAY | ৫ জুলাই ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-213


# পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রীর হোয়াটসঅ্যাপ হ্যাক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ জুলাই :** পশ্চিমবঙ্গের শিক্ষা মন্ত্রী দীপক বর্মনের হোয়াটসঅ্যাপ হ্যাক করে নিল হ্যাকাররা। দীপক বর্মনের হোয়াটসঅ্যাপ হ্যাক করে তার কাছাকাছি লোকদের টাকা পাঠানোর জন্য মেসেজ আসতে লাগলো। এরপরেই বিষয়টি নজরে আছে শিক্ষামন্ত্রী দীপক বর্মনের। সোশ্যাল মিডিয়ায় তিনি তার হোয়াটসঅ্যাপ হ্যাক হওয়ার কথা জানিয়ে দিলেন আমজনতাকে। তবে হ্যাকারদের খোঁজ পাওয়া যায়নি এবং তারা কত টাকা কার কাছ থেকে পেয়েছেন তার সন্ধান চালাচ্ছে আলিপুরদুয়ার জেলা পুলিশ।

# প্রাক্তন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ কে ফের জেল হেফাজতে পাঠালো আদালত



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৪ জুলাই :** ১৭ জুন কলকাতার ফুলবাগানের নিজের বাসভবন থেকে গ্রেফতার হন উদয়ন গুহ। আদালতের নির্দেশে উদয়নের পুলিশ হেফাজত হয়। করোনা কালে দিনহাটাতে শিশুমঙ্গল সমিতি তৈরিতে কোটি কোটি টাকার অর্থ তছরূপের অভিযোগ ছাড়াও দিনহাটা পৌরসভায় জাল নথি কাণ্ডে তার নাম উঠে আসে । এছাড়াও একুশের বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসায় মদত দেওয়া, আবাস যোজনায় দুর্নীতি প্রভৃতি বিভিন্ন বিষয়ে অভিযোগ তার বিরুদ্ধে রয়েছে । আজ দুপুরে উদয়ন কে কড়া নিরাপত্তায় পুলিশ ভ্যানে দিনহাটা মহকুমা আদালতে তোলা হলে বিচারক তাকে পুনরায় ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন ।

# পঞ্চায়েত পদ থেকে ইস্তফা দিলেন





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ জুলাই :** পঞ্চায়েত পদ থেকে ইস্তফা দিলেন টটপাড়ার ২ গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান চিন্ময় কার্জী এবং চাপরের পাড় এক গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত সদস্য পার্থ ধর। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনের পক্ষ থেকে তাদেরকে নোটিশ দেওয়া হয়েছে আগামী সাত দিনের মধ্যে সশরীরে উপস্থিত হয়ে ইস্তফার বিষয় নিয়ে প্রশাসনিক কর্তাদের সঙ্গে সঠিক তথ্য প্রদান করতে।

# চোখের জলে বিদায় দিলো গ্রামবাসীরা স্বপনকে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ জুলাই :** চোখের জলে বিদায় দিল সাউথ পাড়া এলাকার বাসিন্দা স্বপন দাস কে। শুক্রবার বিকেলে হঠাৎই আকাশ কালো হয়ে যাওয়ার পরেই আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার সাউথ পাড়া এলাকায় বাজ পড়ে। ঘটনাস্থলেই মৃত্যু হয় স্বপন দাসের তার স্ত্রী সহ আরো দুজন গুরুতর জখম অবস্থায় ভাটিবাড়ী হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। শনিবার স্বপন দাসের মৃতদেহ ময়নাতদন্ত করে তার বাড়িতে নিয়ে আসার পরেই কান্নার রোল পড়ে যায় এলাকার বাসিন্দাদের মধ্য থেকে। শেষবারের মতো তাকে দেখার জন্য আত্মীয়-স্বজন সহ প্রতিবেশীরা ভীড় করেছেন।

# তীব্র গরমে নাজেহাল শহরবাসী




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৪ জুলাই :** আজ তীব্র গরমে দুপুর থেকেই কোচবিহারের জনবহুল স্থান গুলো একপ্রকার জন্যশূন্যই হয়ে পরে । জেলার সাগর দিঘি এলাকায় যেখানে প্রশাসনিক বিভাগের দপ্তর ছাড়াও ব্যাঙ্ক, আদালত, টেলিফোন অফিস থাকার জন্য অত্যাধিক জনবহুল, আজ সেই এলাকা দুপুর থেকেই কার্যত জন্যশূন্য হয়ে যায়। মানুষজন কে বিশেষ প্রয়োজন ছাড়া আজ রাস্তাঘাটে বেরোতে দেখা যায় নি। সরকারি তরফে প্রচার করা হচ্ছে এই গরমে বেশী পরিমানে জল পান করা , প্রয়োজনে বাইরে বের হলে ঢিলেঢালা পোশাক পরিধান এবং ছাতা ব্যবহার করার জন্য।

# কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে অভ্যন্তরীণ অভিযোগ কমিটি (ICC) বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি পালন



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৪ জুলাই :** আজ কোচবিহার জেলা পুলিশ লাইন্সে কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে অভ্যন্তরীণ অভিযোগ কমিটি ( ইন্টারনাল কমপ্লেইন্টস কমিটি -ICC) বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি পালন করা হয় । এই কর্মসূচী র মূল উদ্দেশ্য ছিল কর্মক্ষেত্রে মহিলাদের যৌন হয়রানি (প্রতিরোধ, নিষেধাজ্ঞা ও প্রতিকার) আইন, ২০১৩ (POSH Act, 2013) এবং অভ্যন্তরীণ অভিযোগ কমিটি (Internal Complaints Committee - ICC) এর ভূমিকা সম্পর্কে মহিলাদের মধ্যে সচেতনতা তৈরি করা। আজকের এই কর্মসূচী কোচবিহার জেলার পুলিশ সুপার যশপ্রীত সিং (আইপিএস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।এছাড়াও এখানে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর), ডিএসপি (সদর), আইসিসি-র সদস্যবৃন্দ এবং বিপুল সংখ্যক মহিলা ও পুরুষ পুলিশ কর্মী ।এই সচেতনতামূলক কর্মসূচির মাধ্যমে কর্মক্ষেত্রে নিরাপদ, মর্যাদাপূর্ণ ও পারস্পরিক শ্রদ্ধাশীল পরিবেশ গড়ে তোলা, কর্মক্ষেত্রের আচরণবিধি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং অভিযোগ নিষ্পত্তির ফলপ্রসু ব্যবস্থা সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |